# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩২১

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ মানুষের জন্য মুস্তাহাব হলো ভালো কাজ করা ও নিষিদ্ধ কাজ থেকে বিরত থাকার ক্ষেত্রে অত্যধিক সচেষ্ট হওয়া

ذِكْرُ مَا يُسْتَحَبُّ لِلْمَرْءِ إِتْيَانُ الْمُبَالَغَةِ فِي الطَّاعَاتِ وَكَذَلِكَ اجْتِنَابُ الْمَحْظُورَاتِ

আরবী

321 - أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ حَدَّثَنَا الْعَبَّاسُ بْنُ الْوَلِيدِ النَّرْسِيُّ حَدَّثَنَا سُفْيَانُ عَنْ أَبِي يَعْفُورٍ عَنْ مُسْلِمِ بْنِ صُبَيْحٍ عَنْ مَسْرُوقٍ عَنْ عَائِشَةَ قَالَتْ: (كَانَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا دَخَلَ الْعَشْرُ أَيْقَظَ أَهْلَهُ وأَحْيَى الليل وشَدَّ المئزر.)

وَقَدْ ذَكَرَ سُفْيَانُ مَرَّةً فِيهِ: ((وَجَدَّ))

أَبُو يَعْفُورٍ: اسْمُهُ عَبْدُ الرَّحْمَنِ بْنُ عُبَيْدِ بْنِ نِسطاس.

الراوي : عَائِشَة | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 321 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৩২১. ‘আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, যখন রমযানের শেষ দশক আসতো, তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাঁর পরিবারের লোকদের জাগিয়ে দিতেন, নিজে রাত্রি জাগরণ করতেন এবং লুঙ্গি শক্ত করে বেঁধে নিতেন।”[1]

রাবী সুফিয়ান রহিমাহুল্লাহ একবার বলেছেন: “এবং ইবাদতে সচেষ্ট হতেন।”

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৬/৪০; সহীহ আল বুখারী: ২০২৪; বাগাবী, শারহুস সুন্নাহ: ১৮২৯; সহীহ মুসলিম: ১১৭৪; আবু দাউদ: ১৩৭৪; নাসাঈ: ৩/২১৭; ইবনু মাজাহ: ১৭৬৮; সুনান বাইহকী: ৪/৩১৩।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১২৪৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91167

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন